**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৫.২২-১১০৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯
২৯ আগস্ট ২০২২

**সভার নোটিশ**

আগামী ৩১/০৮/২০২২ খ্রি: তারিখ বুধবার বেলা-১০.০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর সভাপতিত্বে এ ট্রাস্টের সম্মেলন কক্ষে (৫ম তলা) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৯/৮/২০২২
(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি
ফোন: ২২৩৩৫০৭৬৪

বিতরণ:

০১। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৩। ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৪। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৫। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল) ও বিকল্প ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৬। জনাব ........................................................................., নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা ....................................................................................।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা **(সভায় উপস্থিত কর্মকর্তা ও অংশীজনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন)**
০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। সহকারী প্রোগ্রামার (আইসিটি), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা **(এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য)**
০৫। অফিস কপি/গার্ড ফাইল

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তি অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ৩১/০৮/২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ট্রাস্টের ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। ব্যবস্থাপক (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিসদ্ধান্ত গৃহিত হয়:

০২। ব্যবস্থাপক (প্রশাসন) বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গত ২৯/০৯/২০২২ খ্রি: তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিনামার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের অংশ হিসেবে আজকের এ সভার আয়োজন। তিনি বলেন, এপিএ লক্ষ্য অর্জনে উক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের কোনো বিকল্প নেই। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়ন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্য অর্জনে অগ্রণী ভূমিকা পালন করে। তিনি সভায় উপস্থিত খেতাবপ্রাপ্ত/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদেরকে (প্রজন্ম) পরামর্শমূলক বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

০৩। জনাব মোঃ বাহার উদ্দিন রেজা, বীর প্রতীক বলেন, পূর্বে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে লুটপাট, অবিচার ও সুশাসন বলতে যা বুঝায় তার কোনো কিছুই ছিলনা। বর্তমান ব্যবস্থাপনা পরিচালক মহোদয় দায়িত্ব গ্রহণের পর থেকেই সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অবৈধ দখলে থাকা ট্রাস্টের সম্পত্তি যেভাবে উদ্ধার করছেন তা অবশ্যই প্রশংসার দাবী রাখে। তিনি ধারাবাহিকভাবে অবৈধ দখলে থাকা সকল সম্পত্তি উদ্ধারের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অনুরোধ জানান।

০৪। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আনোয়ার হোসেন পাহাড়ী, বীর প্রতিক বলেন, রাষ্ট্রের অন্যতম লক্ষ্য ও দায়িত্ব হলো নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সততা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ১৯৭৩ সালে খেতাবাপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের একটি নম্বর দিয়েছেন। ২০০৩ সালে বিএনপি সরকার ক্ষমতায় এসে বাতিল করে দেয়। তিনি পূর্বের নম্বর বহাল রাখার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অনুরোধ জানান।

০৫। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রফিকুল ইসলাম বলেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যে সমন্বিত তালিকা প্রকাশ করেছে সে তালিকায় আমাদের নাম আসে নাই। তিনি সমন্বিত তালিকায় যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও মৃত/শহিদ মুক্তিযোদ্ধাদের নাম প্রকাশের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অনুরোধ জানান।

চলমান পাতা-০২

০৫। সভায় বিস্তারিত আলোচনান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) অবৈধ দখলে থাকা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সম্পত্তি অবৈধ দখলদারদের হাত থেকে উদ্ধার করে দখলমুক্ত করতে হবে;

(খ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট থেকে রাষ্ট্রীয় সম্মানী ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা/খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও মৃত/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের নাম মন্ত্রণালয় কর্তৃক প্রকাশত সমন্বিত তালিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৬। পরিশেষে সুশাসন প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৫.২২.১১৪৪

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ ব:
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০২। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৩। ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৪। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৫। জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৬। জনাব ........................................................................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট (NIS), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৩। সচিব (উপসচিব) ও ফোকাল পয়েন্ট (NIS), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। অফিস কপি/গার্ড ফাই

(মোঃ ফয়েজ আহমেদ খান) ১১/০৯/2022
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট